

💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ৫৮৪

১৭. যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ১১. চতুষ্পদ পশুর যাকাত

بَاب صدَقَةِ الْمَاشِيَةِ

আরবী

حَدَّثَنِي يَحْيَى عَنْ مَالِكَ أَنَّهُ قَرَأً كِتَابَ عُمَرَ بْنِ الْخَطَّابِ فِي الصَّدَقَةِ قَالَ فَوَجَدْتُ فِيهِ بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ كِتَابُ الصَّدَقَةِ فِي أَرْبَعِ وَعِشْرِينَ مِنْ الْإِبِلِ فَدُونَهَا الْغَنَمُ فِي كُلِّ خَمْسٍ شَاةٌ وَفِيمَا فَوْقَ ذَلِكَ إِلَى خَمْسٍ وَثَلَاثِينَ ابْنَةُ مَخَاصٍ فَإِنْ لَمْ تَكُنِ ابْنَةُ مَخَاصٍ فَابْنُ لَبُونٍ وَفِيمَا فَوْقَ ذَلِكَ إِلَى خَمْسٍ وَأَرْبَعِينَ بِنْتُ لَبُونٍ وَفِيمَا فَوْقَ ذَلِكَ إِلَى خَمْسٍ وَسَبْعِينَ بَنْتُ لَبُونٍ وَفِيمَا فَوْقَ ذَلِكَ إِلَى خَمْسٍ وَسَبْعِينَ جَدَعَةٌ وَفِيمَا فَوْقَ ذَلِكَ إِلَى عِشْرِينَ وَمِائَةٍ حِقَّتَانِ طَرُوقَتَا الْفَحْلِ وَفِيمَا فَوْقَ ذَلِكَ إِلَى عِشْرِينَ وَمِائَةٍ حِقَّتَانِ طَرُوقَتَا الْفَحْلِ فَوْقَ ذَلِكَ إِلَى عِشْرِينَ وَمِائَةٍ حِقَّتَانِ طَرُوقَتَا الْفَحْلِ فَمَا زَادَ عَلَى ذَلِكَ إِلَى تِسْعِينَ ابْنِتَا لَبُونٍ وَفِيمَا فَوْقَ ذَلِكَ إِلَى عِشْرِينَ وَمِائَةٍ شَاهٌ وَفِيمَا فَوْقَ ذَلِكَ إِلَى مِائَتِينِ شَاتَانِ طَرُوقَتَا الْفَحْلِ سَائِمَةِ الْغَنَمِ إِذَا بَلَغَتْ أَرْبُعِينَ إِلَى عِشْرِينَ وَمِائَةٍ شَاةٌ وَفِيمَا فَوْقَ ذَلِكَ إِلَى مِائَتِينِ شَاتَانِ مَوْقَ ذَلِكَ إِلَى مَائِينَ إِلَى عَلْمَ الْعَرْفِينَ إِلَى عَشْرِينَ وَمِائَةٍ شَاةٌ وَفِيمَا فَوْقَ ذَلِكَ إِلَى مِأْتَيْنِ شَاتَانِ مَا الْمَتَدَةِ تَيْسٌ وَلَا مُونَ وَلَا لَاكُونَ وَقِي الرِّقَةِ إِذَا بَلَغَتْ خَمْسُ أَواقٍ رُبُعُ الْعُشْرِ وَلَا يُقَرِقُ وَلَا يُقَرِقُ وَقِي الرِّقَةِ إِذَا بَلَغَتْ خَمْسَ أَواقٍ رُبُعُ الْعُشْرِ

বাংলা

রেওয়ায়ত ২৩. মালিক (রহঃ) উমর ইবন খাত্তাব (রাঃ)-এর যাকাত সম্পর্কীয় পত্রটি পাঠ করিয়াছিলেন। ইহাতে নিম্নরূপ বিবরণ লিখিত ছিলঃ

বিসমিল্লাহির রাহমানির রাহিম। যাকাত সম্পর্কে এই পত্রটি লিখিত, (পাঁচ হইতে) চব্বিশ পর্যন্ত উটে প্রতি পাঁচটিতে একটি ছাগল ধার্য হইবে। চব্বিশ হইতে পয়ত্রিশ পর্যন্ত উটে একটি এক বৎসর বয়সী উদ্ভী ধার্য হইবে। এক বৎসর বয়সের উদ্ভী না থাকিলে দই বৎসর বয়সের একটি উদ্ভী গ্রহণ করা যাইবে।



পঁয়ত্রিশ হইতে পয়তাল্লিশটি পর্যন্ত দুই বৎসর বয়সের একটি উদ্রী ধার্য হইবে।

পঁয়তাল্লিশ হইতে ষাট পর্যন্ত তিন বৎসর বয়সের একটি উদ্ভী ধার্য হইবে।

ষাট হইতে-পঁচাত্তর পর্যন্ত সংখ্যায় চার বৎসর বয়সের একটি উদ্ভী ধার্য হইবে।

পঁচাত্তর হইতে নব্বই পর্যন্ত সংখ্যায় দুই বছর বয়সের দুইটি উদ্ধী ধার্য হইবে।

নব্বই হইতে একশত বিশটি পর্যন্ত উটে তিন বৎসর বয়সের দুইটি উদ্ভী ধার্য হইবে।

একশত বিশের উধ্বের্ব প্রতি চল্লিশটিতে দুই বৎসর বয়সের একটি উদ্ধী এবং প্রতি পঞ্চাশটিতে তিন বৎসর বয়সের একটি করিয়া উদ্ধী ধার্য হইবে। চারণভূমিতে বিচরণরত ছাগলের সংখ্যা চল্লিশটি হইলে চল্লিশ হইতে একশত বিশ পর্যন্ত একটি বকরী ধার্য হইবে। একশত বিশ হইতে দুইশত পর্যন্ত দুইটি বকরী এবং দুইশত হইতে তিনশত পর্যন্ত তিনটি বকরী ধার্য হইবে। পরে প্রতি শতে একটি করিয়া বকরী আদায় করিতে হইবে। যাকাতের ক্ষেত্রে ছাগল গ্রহণ করা হইবে না। এমনিভাবে দোষযুক্ত এবং বৃদ্ধ পশুও ইহাতে গ্রহণ করা হইবে না। যাকাত উসুলকারী ব্যক্তি যদি ভাল মনে করেন তবে তাহা লইতে পারেন। যাকাত ধার্য হওয়ার ভয়ে পশুর বিভিন্ন দলকে একত্র বা দলকে বিভক্ত যেন করা না হয়।[1] একদল পশুতে যাহারা শরীক আছেন তাহারা যাকাত আদায়ের ক্ষেত্রে বরাবর হিস্যার ভাগী হইবেন। রৌপ্য পাঁচ উকিয়া পরিমাণ হইলে ইহাতে এক-চন্তারিংশ যাকাত দিতে হইবে।

English

Yahya related to me from Malik that he had read what Umar ibn al- Khattab had written about zakat, and in it he found:

"In the name of Allah, the Merciful, the ompassionate."

The Book of Zakat.

On twenty-four camels or less zakat is paid with sheep, one ewe for every five camels.

On anything above that, up to thirty-five camels, a she-camel in its second year, and, if there is no she camel in its second year, a male camel in its third year.

On anything above that, up to forty-five camels, a she- camel in its third year.



On anything above that, up to sixty camels, a she camel in its fourth year that is ready to be sired.

On anything above that, up to seventy-five camels, a she-camel in its fifth year.

On anything above that, up to ninety camels, two she-camels in their third year.

On anything above that, up to one hundred and twenty camels, two shecamels in their fourth year that are ready to be sired.

On any number of camels above that, for every forty camels, a she-camel in its third year, and for every fifty, a she-camel in its fourth year.

On grazing sheep and goats, if they come to forty or more, up to one hundred and twenty head, one ewe.

On anything above that, up to two hundred head, two ewes.

On anything above that, up to three hundred, three ewes.

On anything above that, for every hundred, one ewe.

A ram should not be taken for zakat. nor an old or an injured ewe, except as the zakat-collector thinks fit.

Those separated should not be gathered together nor should those gathered together be separated in order to avoid paying zakat.

Whatever belongs to two associates is settled between them proportionately.

On silver, if it reaches five awaq (two hundred dirhams), one fortieth is paid."

ফুটনোট

[1] ইহার উদাহরণ হইল, কাহারও নিকট চল্লিশটি ছাগী ছিল। ইহাতে একটি বকরী ধার্য হয়, কিন্তু সেই ব্যক্তি যাকাত যাহাতে ধার্য না হয় এই অভিপ্রায়ে এইগুলিকে দুইভাগে বিভক্ত করিয়া ফেলিল। এইরূপ করা জায়েয নহে। অথবা দুই ব্যক্তির চল্লিশটি করিয়া আশিটি বকরী ছিল। ইহাতে দুইটি বকরী ওয়াজিব হয়, কিন্তু সে



এইগুলিকে একত্রিত করিয়া দেখাইল, যাহাতে একটি বকর ওয়াজিব হয়। ইহাও না-জায়েয।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মালিক ইবনু আনাস (রহঃ)

 $\textit{\textbf{\textit{G}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 73479$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন